

সূত্র নং- বিএসইসি/ মুখপত্র/০২/২০২৪/৪৬

তারিখ: ১৫ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
৩০ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: পূঁজিবাজারের সংস্কারের রোডম্যাপ ও সার্বিক উন্নয়নের বিষয়ে ডিএসই, সিএসই, সিডিবিএল, সিসিবিএল, বিআইসিএম, বিএএসএম এবং সিএমএসএফ এর সাথে বিএসইসি'র মত বিনিময় সভা।

অদ্য ৩০ সেপ্টেম্বর ২০২৪ তারিখে পূঁজিবাজারের সার্বিক সংস্কার সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর সঙ্গে ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি (ডিএসই), চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি (সিএসই), সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল), সেন্ট্রাল কাউন্টারপার্টি বাংলাদেশ লিমিটেড (সিসিবিএল), বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম), বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস (বিএএসএম) ও ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড (সিএমএসএফ) এর শীর্ষ নির্বাহীদের একটি মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি ভবনে অনুষ্ঠিত উক্ত মত বিনিময় সভায় বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ, বিএসইসি'র কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী, বিএসইসি'র কমিশনার জনাব মোঃ আলী আকবর, বিএসইসি'র কমিশনার জনাব জনাব ফারজানা লালারুখ এবং ডিএসই, সিএসই, সিডিবিএল, সিসিবিএল, বিআইসিএম, বিএএসএম এবং সিএমএসএফ এর শীর্ষ নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠিত মত বিনিময় সভায় ডিএসই, সিএসই, সিডিবিএল, সিসিবিএল, বিআইসিএম, বিএএসএম এবং সিএমএসএফ এর শীর্ষ প্রতিনিধিবৃন্দ দেশের পূঁজিবাজারের সার্বিক সংস্কারের বিষয়ে তাদের মতামত ও প্রস্তাবনা তুলে ধরেন। মত বিনিময় সভায় অন্যান্যে মধ্যে রেগুলেটরি ফ্রেমওয়ার্ক এর সংস্কার, রেগুলেটরি কমপ্লায়েন্স ও প্রাতিষ্ঠানিক সুশাসন নিশ্চিতকরণ, প্রযুক্তিগত উন্নয়ন ও আধুনিকায়ন, পূঁজিবাজারে পণ্য ও বাজার উন্নয়নে কার্যকরী পদক্ষেপ গ্রহণ, বিনিয়োগ শিক্ষার প্রসার ও ব্যক্তি বৃদ্ধি, বিনিয়োগকারীদের সচেতনতা বৃদ্ধি, পূঁজিবাজারে কর্মরত পেশাজীবীদের সক্ষমতা বৃদ্ধিতে শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ, বাজারের বৈচিত্রায়নসহ নতুন পণ্য আনয়নসহ সর্বোপরি বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধি এবং পূঁজিবাজারের গঠনমূলক ও টেকসই সংস্কারের বিষয়ে প্রস্তাবনা উঠে এসেছে। সভায় দেশের পূঁজিবাজারের উন্নয়নে বিএসইসি এবং পূঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ একসাথে এবং সহযোগী হিসেবে কাজ করার বিষয়ে একমত হন সকলে।

উল্লেখ্য, আগামীকাল ০১ অক্টোবর ২০২৪ তারিখে বিএসইসি'র সাথে পূঁজিবাজারে কর্মরত ব্রোকার-ডিলারদের সংগঠন ডিএসই ব্রোকারস অ্যাসোসিয়েশন (ডিবিএ), মার্চেন্ট ব্যাংকারদের সংগঠন বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স অ্যাসোসিয়েশন (বিএমবিএ), অ্যাসোসিয়েশন অব অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানিজ অ্যান্ড মিউচুয়াল ফান্ড (এএএমসিএমএফ), অ্যাসোসিয়েশন অব ক্রেডিট রেটিং এজেন্সি অব বাংলাদেশ (এসিআরএবি), বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব পাবলিকলি লিস্টেড কোম্পানিজ (বিএপিএলসি), ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (এফআরসি) ও ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি) এর সাথে পূঁজিবাজারের সার্বিক সংস্কারের বিষয়ে মত বিনিময় সভা অনুষ্ঠিত হবে।

৩০.০৯.২০২৪
ফারহানা ফারুকী

পরিচালক ও মুখপাত্র

